দৈনিক ইনকিলাব

তারিখ ... JUN 1 6 2006 ...
পৃষ্ঠা 12 কলাম 4

# শাবিতে পদত্যাগকারী ভিসি বহাল শিক্ষক ও শিক্ষার্থীরা ক্ষুব্ধ

## যে কোন মূল্যে ভিসিকে প্রতিহত করা হবে –ছাত্রলীগ

শাবি সংবাদদাতা

ছাত্র-ছাত্রীদের আন্দোলনের মুখে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদত্যাগকা ভিসি প্রফেসর ডঃ মোসলেহ উদ্দিন আহমেদ-এর স্ব-পদে বহাল থাকার সরকারী সিদ্ধা ক্যাম্পাসে তোলপাড় সৃষ্টি হয়েছে। জানা যায়, গত ১৪ মে তিনি পদত্যাগ করলেও ত পদত্যাগপত্র মন্ত্রণালয়ে গৃহীত হয়নি উপরন্তু সরকারী হাইকমান্ড থেকে তাকে স্ব-পদে বহ থাকার নির্দেশ দেয়া হয়েছে। এদিকে ছাত্র-ছাত্রীসহ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের একা ভিসিকে ফের স্ব-পদে বহাল রাখার সরকারী সিদ্ধান্তে ক্ষোভে ফেটে পড়েছেন। বিশ্বস্ত এক

# শাবিতে পদত্যাগকারী ভিসি বহাল

১২-এর পৃষ্ঠার পর

ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীই চায় না ভিসি স্ব-পদে বহাল থাকুক। ইতিমধ্যে তারা বেশ কয়েকবার শাবিতে নিরপেক্ষ ও যোগ্য ভিসি নিয়োগ দানের আবেদন জানিয়েছেন। গত ১১ জুন বিভাগীয় প্রধানদের নিয়ে আয়োজিত জরুরী সভায় ভিসিকে পুনরায় ক্যাম্পাসে ফিরিয়ে আনার প্রশ্নে মতবিরোধ দেখা দেয়ায় অন্তত ১০ জন বিভাগীয় প্রধান সভাকক্ষ ত্যাগ করেছেন। এদিকে ভিসিকে স্ব-পদে বহাল রাখার সরকারী সিদ্ধান্তের ব্যাপারে শিক্ষক সমিতির সাবেক সভাপতি ডঃ সুশান্ত কুমার দাশ জানান, ভি নিজেই ক্যাম্পাসে সংকট সৃষ্টি করেছেন এব সংকটের মুখে পদত্যাগ করতে বাধ্য হয়েছেন তিনি ক্যাম্পাসে পুনরায় ফিরে আসলে এ সংকট আরো ঘনীভূত হবে। ছাত্রলীগের সাংগঠনিব সম্পাদক মোস্তাফিজুর রহমান রাজু জানিয়েছেন পদত্যাগকারী দুর্নীতিপরায়ন ভিসিকে ছাত্রলীগ যে কোন মূল্যে প্রতিহত করবে। শীর্ষ ছাত্রদলের আহ্বায়ক মোঃ আখলাকুর রহমান জানান বিশ্ববিদ্যালয়ের স্বার্থে সরকারী যে কো সিদ্ধান্তকে ছাত্রদল স্বাগত জানাবে।

এদিকে গতকালও বিএনপি-জামায়াত সমর্থিত শাবি পরিবারের পক্ষ থেকে জরুরী সভা অনুষ্ঠিত হয়। ডঃ সাজেদুল করীমের সভাপতিত্বে ও ডঃ আশরাফ উদ্দিনের পরিচালনায় আয়োজিত এ সভায় ভিসিকে পুনরায় ক্যাম্পাসে ফিরিয়ে এনে ক্যাম্পাস সচল করা, আহত ছাত্রদের চিকিৎসা, কর্মকর্তা-কর্মচারীদের বেতনসহ সাত দফা দাবী পূরণের ব্যবস্থা করতে হবে।